



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫০১

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮

০৮ সেপ্টেম্বর ২০২১

বিষয়: কোভিড-১৯ অতিমারি বিবেচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানের রুটিন প্রণয়নের নির্দেশনা।

- সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭.২০৫; তারিখ- ০৭/০৯/২০২১ খ্রি.
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.১০৭; তারিখ- ২২/০১/২০২১খ্রি.
(৩) মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৫০৩; তারিখ- ০৫/০৯/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ১৮/০৩/২০২০খ্রি. থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। কোভিড-১৯ পরিস্থিতি ক্রমাগত সন্তোষজনক পর্যায়ে উপনীত হওয়ায় সরকার ১২/০৯/২০২১খ্রি. থেকে পর্যায়ক্রমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম শুরুর সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতোমধ্যে সূত্রোক্ত পত্রদ্বয়ের মাধ্যমে জনস্বাস্থ্য ও স্বাস্থ্য বিধি প্রতিপালন করে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম চালুর লক্ষ্যে প্রাক-প্রস্তুতিমূলক গাইড লাইন প্রকাশ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস রুটিন প্রণয়নের জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো।

- ১) ২০২১ ও ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থী এবং ৫ম শ্রেণির শিক্ষার্থীরা প্রতিদিন শিক্ষা প্রতিষ্ঠানে আসবে;
- ২) ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণির শিক্ষার্থীরা সপ্তাহে ০১ (এক) দিন প্রতিষ্ঠানে আসবে;
- ৩) সপ্তাহে প্রতিদিন নির্দিষ্ট শ্রেণিতে ২ (দুই)টি করে ক্লাস ধরে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান রুটিন প্রণয়ন করবে;
- ৪) রুটিনের সাথে প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ক্লাসসমূহ নির্ধারণ করা যেতে পারে;
- ৫) যেসকল প্রতিষ্ঠানে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তর সংযুক্ত রয়েছে সেসকল প্রতিষ্ঠান ঐ সকল স্তরের জন্য নির্ধারিত ক্লাসসমূহ সমন্বয় করে রুটিন প্রণয়ন করবেন;
- ৬) জাতীয় বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চলমান ডিগ্রি, সন্মান ও মাস্টার্স পরীক্ষার সাথে সমন্বয় সাপেক্ষে ২০২১ ও ২০২২ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য রুটিন প্রণয়ন করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করবে;
- ৭) রুটিন প্রণয়নের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ/প্রস্থান/অবস্থানের সময় স্বাস্থ্যবিধি লঙ্ঘনের মত কোনো বিষয় না ঘটে;
- ৮) রুটিন এমন ভাবে প্রস্তুত করতে হবে যেন ভিন্ন ভিন্ন শ্রেণির শিক্ষার্থীরা ভিন্ন ভিন্ন সময়ে প্রতিষ্ঠানে প্রবেশ করে এবং প্রতিষ্ঠান থেকে বের হয়;
- ৯) শিক্ষা প্রতিষ্ঠানে আপাততঃ এসেম্বলি বন্ধ থাকবে;
- ১০) প্রতিদিন নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী তথ্য প্রেরণ করতে হবে;
- ১১) পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ক্লাস রুটিন তৈরীর ক্ষেত্রে উপর্যুক্ত বিষয় সমূহ অনুসরণ করতে হবে।

৮-৯-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ২) আঞ্চলিক উপপরিচালক-সকল

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫০১/১(৮০)

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮
০৮ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
- ৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
- ৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
- ৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- ১২) অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ
- ১৩) অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ
- ১৪) জেলা শিক্ষা কর্মকর্তা- সকল জেলা
- ১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ১৬) প্রধান শিক্ষক (সকল), সরকারি মাধ্যমিক বিদ্যালয়
- ১৭) প্রধান শিক্ষক (সকল), বেসরকারি নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়
- ১৮) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ১৯) সংরক্ষণ নথি

৮-৯-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক